রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" ২০২০ সনের ৫২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৪, ২০২০

সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৪৭—৭৬১ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৩৯—৯৫৭ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৮৯—১০৩৬ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ আশ্বিন ১৪২৭/০৮ অক্টোবর ২০২০

নং **০৫.১৮০.২৭.০২.০০.০০৮.২০১৯-১৭৫**—জনাব নাজমুন নাহার মান্নু (পরিচিতি নম্বর-৬৩৩৪) কর্তৃক প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব), জেলা পরিষদ নরসিংদী হিসেবে ২৭-১২-২০১৩ হতে ২৮-০৬-২০১৪ তারিখ পর্যন্ত কর্মকালে অভিযোগকারী জনৈক ব্যবসায়ীর নিকট হতে চাকরি দেওয়ার নাম করে ৩,১৬,০০০/-(তিন লক্ষ ষোল হাজার) টাকা গ্রহণ করা, পরবর্তীকালে গৃহীত কিছু টাকা ফেরত দেওয়ার উদ্দেশ্যে চেক প্রদান করা এবং উক্ত চেকগুলো জোর করে ফেরত নেয়ার জন্য অভিযোগকারীকে হুমকি প্রদান করার পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' এবং 'দুর্নীতিপরায়ণতা' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জনাব নাজমুন নাহার মান্নু-এর বিরুদ্ধে আনীত অভিযোগে ২৪-০৬-২০১৯ তারিখের ০৫.১৮০.২৭.০২.০০.০০৮.২০১৯-৩৭৬ নম্বর স্মারকে কারণ দর্শাতে বলা হলে তিনি ০৪-০৮-২০১৯ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন এবং ১৫-১০-২০১৯ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

যেহেতু, জনাব নাজমুন নাহান মান্নু-এর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য বিবেচনায় অভিযোগটি তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' এবং 'দুর্নীতিপরায়ণতা' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তাকে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' এবং 'দুর্নীতি পরায়ণতা' এর অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(৮) বিধি মোতাবেক অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

সেহেতু, জনাব নাজমুন নাহার মান্নু (পরিচিতি নম্বর-৬৩৩৪), প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব), জেলা পরিষদ নরসিংদী বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' এবং 'দুর্নীতিপরায়ণতা' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**

সচিব।

---

**বিধি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ আশ্বিন ১৪২৭/১৫ অক্টোবর ২০২০

নং **০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৭-২৬২**—Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক নিম্নেবর্ণিত উপজেলা পরিষদের সাধারণ/উপনির্বাচন এবং ইউনিয়ন পরিষদের সাধারণ/ উপনির্বাচন ও স্থগিতকৃত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট (উপজেলায় ও ইউনিয়নের) নির্বাচনী এলাকায় ভোটগ্রহণের দিন অর্থাৎ ২০ অক্টোবর ২০২০ তারিখ মঙ্গলবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

**অনুষ্ঠিতব্য সাধারণ/শূন্য চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচনের তথ্য :**

| ক্র: নং | জেলা | উপজেলা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | কুমিল্লা | দাউদকান্দি | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান |
| ২. | দিনাজপুর | সদর | ভাইস চেয়ারম্যান |
| ৩. | যশোর | সদর | চেয়ারম্যান |
| ৪. | চাঁদপুর | মতলব দক্ষিণ | চেয়ারম্যান |
| ৫. | সুনামগঞ্জ | জামালগঞ্জ | চেয়ারম্যান |
| ৬. | মাদারীপুর | শিবচর | চেয়ারম্যান |
| ৭. | বাগেরহাট | শরণখোলা | চেয়ারম্যান |
| ৮. | খুলনা | পাইকগাছা | চেয়ারম্যান |
| ৯. | নওগাঁ | মান্দা | চেয়ারম্যান |

**ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের তথ্য :**

| ক্র. নং | জেলা | উপজেলা | ইউনিয়ন | পদ |
|---|---|---|---|---|
| ১. | রংপুর | রংপুর সদর | হরিদেবপুর | সাধারণ |
| ২. | | | চন্দনপাট | সাধারণ |
| ৩. | | | সদ্যপুস্করিনী | সাধারণ |
| ৪. | পাবনা | ভাঙ্গুড়া | ভাঙ্গুড়া | সাধারণ |
| | | | মন্ডতোষ | সাধারণ |
| ৫. | ফরিদপুর | মধুখালী | গাজনা | সাধারণ |
| | | | কোরকদি | সাধারণ |
| ৬. | পটুয়াখালী | কলাপাড়া | মহিপুর | সাধারণ |
| ৭. | ভোলা | লালমোহন | ফরাশগঞ্জ | সাধারণ |
| ৮. | চুয়াডাঙ্গা | সদর | গড়াইটুপি | সাধারণ |
| ৯. | নারায়ণগঞ্জ | রূপগঞ্জ | দাউদপুর | সাধারণ |
| ১০. | চট্টগ্রাম | ফটিকছড়ি | সুয়াবিল | সাধারণ |
| | | লোহাগাড়া | আমিরাবাদ | সাধারণ |
| | | | লোহাগাড়া | সাধারণ |
| | | | আধুনগর | সাধারণ |

**বিভিন্ন ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচনের তথ্য :**

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়ন | পদ |
|---|---|---|---|---|
| ১. | দিনাজপুর | চিরিরবন্দর | সাতনালা | চেয়ারম্যান |
| ২. | লালমনিরহাট | কালীগঞ্জ | দলগ্রাম | চেয়ারম্যান |
| ৩. | | হাতীবান্ধা | গড্ডিমারী | চেয়ারম্যান |
| ৪. | | | পাটিকাপাড়া | চেয়ারম্যান |
| ৫. | রংপুর | তারাগঞ্জ | আলমপুর | চেয়ারম্যান |
| ৬. | বগুড়া | ধুনট | কালেরপাড়া | চেয়ারম্যান |
| ৭. | চাঁপাইনবাবগঞ্জ | সদর | চরঅনুপনগর | চেয়ারম্যান |
| ৮. | | নাচোল | ফতেপুর | চেয়ারম্যান |
| ৯. | নওগাঁ | বদলগাছী | মথুরাপুর | চেয়ারম্যান |
| ১০. | সিরাজগঞ্জ | শাহজাদপুর | পোরজানা | চেয়ারম্যান |
| ১১. | চুয়াডাঙ্গা | আলমডাঙ্গা | ডাউকি | চেয়ারম্যান |
| ১২. | সাতক্ষীরা | কলারোয়া | কেরালকাতা | চেয়ারম্যান |
| ১৩. | বরগুনা | তালতলী | কড়ইবাড়িয়া | চেয়ারম্যান |
| ১৪. | বরিশাল | বাকেরগঞ্জ | কলসকাঠী | চেয়ারম্যান |
| ১৫. | | উজিরপুর | সাতলা | চেয়ারম্যান |
| ১৬. | ময়মনসিংহ | সদর | বোররচর | চেয়ারম্যান |
| ১৭. | | নান্দাইল | শেরপুর | চেয়ারম্যান |
| ১৮. | | ঈশ্বরগঞ্জ | আঠারবাড়ী | চেয়ারম্যান |
| ১৯. | | ফুলপুর | ছনধরা | চেয়ারম্যান |
| ২০. | | ফুলবাড়ীয়া | বালিয়ান | চেয়ারম্যান |
| ২১. | নেত্রকোনা | পূর্বধলা | ধলামূলগাঁও | চেয়ারম্যান |
| ২২. | কিশোরগঞ্জ | ইটনা | বড়িবাড়ি | চেয়ারম্যান |
| ২৩. | টাঙ্গাইল | সদর | ঘারিন্দা | চেয়ারম্যান |
| ২৪. | গাজীপুর | কালীগঞ্জ | নাগরী | চেয়ারম্যান |

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়ন | পদ |
|---|---|---|---|---|
| ২৫. | নরসিংদী | রায়পুরা | আদিয়াবাদ | চেয়ারম্যান |
| ২৬. | সিলেট | গোলাপগঞ্জ | লক্ষীপাশা | চেয়ারম্যান |
| ২৭. | | ওসমানীনগর | সাদিপুর | চেয়ারম্যান |
| ২৮. | মৌলভীবাজার | শ্রীমঙ্গল | ভুনবীর | চেয়ারম্যান |
| ২৯. | | | মির্জাপুর | চেয়ারম্যান |
| ৩০ | হবিগঞ্জ | মাধবপুর | শাহজাহানপুর | চেয়ারম্যান |
| ৩১. | ব্রাহ্মণবাড়িয়া | সরাইল | চুন্টা | চেয়ারম্যান |
| ৩২. | কুমিল্লা | বরুড়া | আদ্রা | চেয়ারম্যান |
| ৩৩. | চাঁদপুর | কচুয়া | সাচার | চেয়ারম্যান |
| ৩৪. | | | গোহট উত্তর | চেয়ারম্যান |
| ৩৫. | | মতলব উত্তর | জহিরাবাদ | চেয়ারম্যান |
| ৩৬ | | | সুলতানাবাদ | চেয়ারম্যান |
| ৩৭. | | শাহরাস্তি | মেহের (দক্ষিণ) | চেয়ারম্যান |
| ৩৮. | লক্ষ্মীপুর | সদর | চন্দ্রগঞ্জ | চেয়ারম্যান |
| ৩৯. | | রায়পুর | কেরোয়া | চেয়ারম্যান |
| ৪০. | চট্টগ্রাম | সন্দ্বীপ | হারামিয়া | চেয়ারম্যান |
| ৪১. | | ফটিকছড়ি | নানুপুর | চেয়ারম্যান |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম**
উপসচিব।

---

## শৃঙ্খলা-৫ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৯ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/১৪ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৯.১৮(বি.মা.)-৩৩৭**—যেহেতু, জনাব মামুন-আল-ফারুক (পরিচিতি নম্বর-১৬৪২৩), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার মোল্লাহাট, বাগেরহাট বর্তমানে অতিরিক্ত জেলা প্রশাসক, ভোলা গত ২৫-০৩-২০১১ তারিখে বেগম রুমানা শারমিন বর্ষা এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন এবং ১৩-০৭-২০১২ তারিখে তাদের একটি পুত্র সন্তান হয় ও পরবর্তীতে তাদের পারিবারিক দ্বন্দ্বের কারণে গোপনে বেগম রুমানা শারমিন বর্ষাকে ০৮-০৭-২০১৭ তারিখে তালাক প্রদান করলে বেগম রুমানা শারমিন বর্ষা উক্ত তালাকের নোটিশ ১৪-০৩-২০১৮ তারিখে অর্থাৎ প্রায় ১ বছর পর পান এবং তালাক প্রাপ্তির পূর্ব পর্যন্ত তালাকের বিষয়টি গোপন রেখে জনাব মামুন-আল-ফারুক তার ভাড়া বাসায় মাঝে মধ্যে যেতেন এবং তার সাথে ঘর সংসার করায় তালাকের ক্ষেত্রে তিনি এরূপ তঞ্চকতার আশ্রয় গ্রহণ করার অপরাধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি-না তা জানতে চাওয়া হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে গত ১১-০৭-২০১৯ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে গত ২০-০৮-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং ব্যক্তিগত শুনানি অন্তে ন্যায় বিচার নিশ্চিত করার লক্ষ্যে ও অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড প্রদানের সম্ভাবনা থাকায় বেগম ফেরদৌসী আকতার (পরিচিত নং-৬৭৮৬), উপসচিব, সওব্য-৬ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা ২৯-০৭-২০২০ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে সার্বিক মতামতে উল্লেখ করেছেন যে, অভিযুক্ত কর্মকর্তা, সরকারপক্ষ এবং অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত সাক্ষ্য পর্যালোচনান্তে সরকারপক্ষ অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণ করতে সক্ষম হয়নি;

৪। সেহেতু, জনাব মামুন-আল-ফারুক (পরিচিতি নম্বর-১৬৪২৩), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার মোল্লাহাট, বাগেরহাট বর্তমানে অতিরিক্ত জেলা প্রশাসক, ভোলা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনান্তে তাঁকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

---

## উর্ধ্বতন নিয়োগ-১ শাখা

### শোক বার্তা

তারিখ : ০২ আষাঢ় ১৪২৭/১৬ জুন ২০২০

**নং ০৫.০০.০০০০.১৩২.৩২.২০৩.১৯-৩৩৮**—লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩) এর জাতীয় প্রকল্প পরিচালক সরদার সরাফত আলী (৫৮০৩) গত ১২ মার্চ ২০২০ তারিখে হৃদযন্ত্রে ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেন।

২। সরদার সরাফত আলী (৫৮০৩) ০১ নভেম্বর ১৯৬৩ তারিখে গোপালগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ০১ এপ্রিল ১৯৯৩ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি ২৩ অক্টোবর ২০১৯ তারিখে অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন।

৩। তিনি দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ০১(এক) পুত্র ও ০১(এক) কন্যাসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সরদার সরাফত আলী এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**প্রশাসন-২ শাখা**

**আদেশ**

তারিখ : ১৬ আশ্বিন ১৪২৭/০১ অক্টোবর ২০২০

**নং ০৮.০০.০০০০.০২৩.২৭.০২১.১৭-১১৭**—যেহেতু, মোঃ মনিরুজ্জামান, সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল-৫, ঢাকা এর বিরুদ্ধে গত ০১-১১-২০১৫ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২(চ) ধারায় অভিযুক্ত করা হয় এবং একই বিধিমালার ৭(খ) ধারা অনুযায়ী এ বিভাগের ০২-০৬-২০১৮ তারিখের ৪৬৪ নম্বর স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং একই বিধিমালার ৭(৩) ধারা অনুযায়ী অভিযোগ তদন্তের নিমিত্ত তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদনে অভিযোগের সত্যতা পাওয়া যায়। তদন্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে এ বিভাগের ১৩-০৫-২০১৯ তারিখের ১২৯ নম্বর স্মারকে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং একই বিধিমালার ৪(৩)(১)(গ) ধারা অনুযায়ী তাঁকে চাকরি হতে অপসারণের সিদ্ধান্ত গ্রহন করে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন উক্ত সিদ্ধান্তের প্রতি একমত পোষণ করেছেন;

৪। এক্ষণে, সেহেতু, মো: মনিরুজ্জামান, সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল-৫, ঢাকা-কে ০১-১১-২০১৫ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিতির কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(১)(গ) অনুযায়ী ০১-১১-২০১৫ খ্রিঃ তারিখ থেকে চাকরি হতে অপসারণ করা হলো।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৫**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১২ কার্তিক ১৪২৭/২৮ অক্টোবর ২০২০

**নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০২২.১৭-২৮২**—যেহেতু, জনাব মোঃ আখসানুল ইসলাম, সহকারী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত ডিজাইন বিভাগ-২, ঢাকায় কর্মরত অবস্থায় ২৯-০৮-২০১২ তারিখ হতে ১৮-১০-২০১২ তারিখ পর্যন্ত ৫১(একান্ন) দিনের অর্জিত ছুটির জন্য ২৪-০৯-২০১২ তারিখ আবেদন করেন। মঞ্জুরকৃত ছুটি শেষে ১৯-১০-২০১২ তারিখে কর্মস্থলে যোগদান না করায় এবং কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় গণপূর্ত অধিদপ্তর হতে কারণ দর্শানো হয়। কিন্তু তিনি কারণ দর্শানোর কোনো জবাব দাখিল করেননি এবং অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সে কারণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২২-০২-২০১৮ তারিখের ২৫.০০.০০০০.০১৮.২৭.০২২.১৭-৭৯ নম্বর স্মারকে "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে ০৩/২০১৮ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

২। অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর কোনো জবাব দাখিল করেননি এবং ডাক বিভাগ হতে অভিযুক্তের বর্তমান ঠিকানায় প্রেরিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী "প্রাপক বর্তমানে অফিসে অনুপস্থিত থাকায় ফেরত" মন্তব্যসহ ফেরত পাওয়া যায়। ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব আশফিকুন নাহার, সিনিয়র সহকারী সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে ২৪-০১-২০১৯ তারিখ প্রতিবেদন দাখিল করেন। অতঃপর অভিযুক্তকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (১)(ঘ) অনুযায়ী "চাকুরি হতে বরখাস্তকরণ" (Dismissal from service) গুরুদন্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কনসালটেশন রেগুলেশন, ১৯৭৯ এর প্রবিধান ৬ অনুযায়ী সরকারী কর্ম কমিশনের মতামত গ্রহণ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন "চাকুরি হতে বরখাস্তকরণ" (Dismissal from service) গুরুদন্ড আরোপে কর্তৃপক্ষের প্রস্তাবের সাথে একমত পোষণ করে।

৩। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (১)(ঘ) অনুযায়ী জনাব মোঃ আখসানুল ইসলাম-কে "চাকুরি হতে বরখাস্তকরণ" (Dismissal from service) গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আখসানুল ইসলাম-কে "চাকুরী হতে বরখাস্তকরণ" (Dismissal from service) গুরুদন্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেছেন;

৪। সেহেতু, জনাব মোঃ আখসানুল ইসলাম, সহকারী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত ডিজাইন বিভাগ-২, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) অনুযায়ী "অসদাচরণ ও "পলায়ন" এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ এর (১) (ঘ) অনুযায়ী "চাকুরি হতে বরখাস্তকরণ"(Dismissal from service ) করা হলে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০০১.১৮-২৮১**—যেহেতু, জনাব আখন্দ মাহমুদ আশেক, সহকারী প্রকৌশলী (সিভিল)(রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্মরত অবস্থায় Southern Illionis University Edwardsville, USA তে Transportation Engineering এ Masters Degree অর্জনের জন্য ২৯-০৬-২০১৫ তারিখ শিক্ষা ছুটির আবেদন করেন। সে প্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০৮-০৭-২০১৫ তারিখের ৬১৫ সংখ্যক স্মারকে ২৩-০৭-২০১৫ তারিখ হতে ২২-০৭-২০১৭ তারিখ পর্যন্ত ২ (দুই) বছরের শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। তিনি ২২-০৭-২০১৭ তারিখ শিক্ষা ছুটির মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও কর্মস্থলে যোগদান করেননি। ফলশ্রুতিতে গণপূর্ত অধিদপ্তর হতে ৩১-১০-২০১৭ তারিখে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। পরবর্তীতে, গণপূর্ত অধিদপ্তর হতে ১৪-১১-২০১৭ তারিখে কারণ দর্শানো হয়। কিন্তু তিনি কারণ দর্শানোর জবাব প্রদান না করে ২২-১১-২০১৭ তারিখে ১২ মাসের অসাধারণ ছুটির জন্য আবেদন করেন। গণপূর্ত অধিদপ্তর হতে ১৭-১২-২০১৭ তারিখে তার প্রার্থীত ছুটি না-মঞ্জুর করা হয় এবং কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হয়। তিনি কর্মস্থলে

যোগদান না করে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সে কারণে ১৮-০৩-২০১৮ তারিখের ২৫.০০.০০০০.০১৮.২৭.০০১. ১৮-১১০ নম্বর স্মারকে "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে ০৬/২০১৮ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২৪-০৪-২০১৮ তারিখ কারণ দর্শানোর জবাব দাখিল করেন। উক্ত জবাবের প্রেক্ষিতে ব্যক্তিগত শুনানি প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়। কিন্তু তিনি ব্যক্তিগত শুনানিতে উপস্থিত হননি। বিভাগীয় মামলার প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় মোসাঃ সুরাইয়া বেগম, উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে মর্মে ১৯-০২-২০১৯ তারিখ প্রতিবেদন দাখিল করেন। অতঃপর অভিযুক্তকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। জবাবে তিনি "চাকুরি হতে বরখাস্তকরণ" গুরুদন্ড প্রদান না করে চাকুরি হতে অব্যাহতি প্রদানের অনুরোধ করেন। তদন্তে অভিযোগ প্রমানিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (১)(ঘ) অনুযায়ী "চাকুরি হতে বরখাস্তকরণ" (Dismissal from service) গুরুদন্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কনসালটেশন রেগুলেশন, ১৯৭৯ এর প্রবিধান ৬ অনুযায়ী সরকারী কর্ম কমিশনের মতামত গ্রহণ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন "চাকুরি হতে বরখাস্তকরণ" (Dismissal from service) গুরুদন্ড আরোপে কর্তৃপক্ষের প্রস্তাবের সাথে একমত পোষণ করে।

৩। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (১)(ঘ) অনুযায়ী জনাব আখন্দ মাহমুদ আশেক-কে "চাকুরি হতে বরখাস্তকরণ" (Dismissal from service) গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব আখন্দ মাহমুদ আশেক-কে "চাকুরি হতে বরখাস্তকরণ" (Dismissal from service) গুরুদন্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেছেন;

৪। সেহেতু, জনাব আখন্দ মাহমুদ আশেক, সহকারী প্রকৌশলী (সিভিল)(রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) অনুযায়ী "অসদাচরণ ও "পলায়ন" এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ এর (১) (ঘ) অনুযায়ী "চাকুরি হতে বরখাস্তকরণ"(Dismissal from service ) করা হলে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ১৩ অক্টোবর ২০২০ খ্রি.

নং **বিচার-৭/২-এন-১০০/৮০-২১০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ আবুল বাশার বাচ্চু, পিতা-মোঃ নেফাজ উদ্দিন, মাতা-মোছাঃ রাবিয়া খাতুন, গ্রাম-খালিশাদহ, ডাকঘর-বনওয়ারী নগর, উপজেলা-ফরিদপুর, জেলা-পাবনা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পাবনা জেলার ফরিদপুর পৌরসভার ০৩ ও ০৬ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহ্মেদ**
সিনিয়র সহকারী সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ-২**
**এল. এ. মামলা নং-৮১(২)১৯৬২-১৯৬৩**
**'ঘ' ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫ (৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ০৬ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬১.১৪-১৫৮**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন)-এর ধারা মোতাবেক হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে, এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজা : সাহাপুর, থাক নং-২১৮৫, উপজেলা-আদর্শ সদর, জেলা : কুমিল্লা

| দাগ নং (আর.এস.) | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ০২ অং | ০.০৬০০ |
| ০৩ অং | ০.০১০০ |
| ১৮৪ অং | ০.০৬০০ |
| ১৮৮ অং | ০.১২০০ |
| ১৮৯ অং | ০.০৪০০ |
| ১৯০ অং | ০.০৩০০ |
| ১৯৫ অং | ০.১০০০ |
| ১৯৬ অং | ০.২৬০০ |
| ১৯৭ অং | ০.০৫০০ |
| ১৯৮ অং | ০.১৭০০ |
| ২০৩ অং | ০.০১০০ |
| ২০৪ অং | ০.২২০০ |
| ২০৫ অং | ০.০৭০০ |
| ২০৬ অং | ০.১৪০০ |
| ২০৯ অং | ০.২০০ |
| ২৭৫ অং | ০.১৪০০ |
| ২৭৮ অং | ০.০৫০০ |
| ২৭৯ অং | ০.১৬০০ |
| ৩০৫ অং | ০.০৭০০ |
| ৩০৬ অং | ০.২২০০ |
| ৩০৭ অং | ০.০৫০০ |
| ৩১১ অং | ০.০৮০০ |
| ৩১২ অং | ০.১৩০০ |
| ৩১৪ অং | ০.১৮০০ |
| ৩১৫ অং | ০.০৫০০ |
| ৩১৯ অং | ০.০৩০০ |
| ৩২০ অং | ০.০১০০ |
| ৩২৩ অং | ০.১৪০০ |
| ৩৫০ অং | ০.০৩০০ |
| ৩৫১ অং | ০.০৬০০ |
| ৩৫৭ অং | ০.২৪০০ |
| ৩৫৮ অং | ০.০৫০০ |
| ৩৬০ অং | ০.৩০০০ |
| ৩৬১ অং | ০.০৪০০ |
| ৩৮৮ অং | ০.২২০০ |
| ৩৮৯ অং | ০.১৫০০ |
| ৩৯০ অং | ০.১২০০ |
| ৩৯১ অং | ০.৩৮০০ |
| ৩৯২ অং | ০.১৩০০ |
| ৩৯৬ অং | ০.১৬০০ |
| ৪১৪ অং | ০.০৮০০ |
| ৪১৫ অং | ০.০৩০০ |
| ৪৪৯ অং | ০.০৬০০ |
| ৪৫৬ অং | ০.৪৮০০ |
| ১৮৫ পূর্ণ | ০.০৮০০ |
| ১৮৬ পূর্ণ | ০.০৮০০ |
| ১৮৭ পূর্ণ | ০.০৭০০ |
| ২০৭ পূর্ণ | ০.০৮০০ |
| ২০৮ পূর্ণ | ০.০৮০০ |
| ৩০৫ পূর্ণ | ০.০৬০০ |
| ৩১৩ পূর্ণ | ০.১৯০০ |
| ৩১৬ পূর্ণ | ০.১০০০ |
| ৩১৭ পূর্ণ | ০.০৬০০ |
| **মোট=** | **৬.০০০ একর।** |

মৌজা : উত্তর নোয়াপাড়া, থাক নং-২১৮৫/১, উপজেলা-আদর্শ সদর, জেলা : কুমিল্লা

| দাগ নং (আর.এস.) | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ৬৫ অং | ০.২১০০ |
| ৬৭ অং | ০.১০০০ |
| ৬৯ অং | ০.৬৬০০ |
| ৬৬ পূর্ণ | ০.২৮০০ |
| ৬৮ পূর্ণ | ০.১৫০০ |
| **মোট=** | **১.৪০০০ একর।** |

মৌজা : রামধনপুর, থাক নং-১৮৯৫, উপজেলা-আদর্শ সদর, জেলা : কুমিল্লা

| দাগ নং (আর.এস.) | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ২৬৮ অং | ০.০৬০০ |
| ২৭১ অং | ০.০১০০ |
| ৩২১ অং | ০.৩৪০০ |
| ৩২৪ পূর্ণ | ০.০৩০০ |
| ৩২৫ পূর্ণ | ০.০৪০০ |
| **মোট =** | **০.৪৮০০ একর।** |

মৌজা : সূর্য্যনগর, থাক নং-২১৮৬, উপজেলা-আদর্শ সদর, জেলা : কুমিল্লা

| দাগ নং (আর.এস.) | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ৩ অং | ০.৩৬০০ |
| ৫ অং | ১.০০০০ |
| ২০ অং | ০.২৮০০ |
| ২১ অং | ০.০২০০ |
| ২২ অং | ০.৯৫০০ |
| ২৩ অং | ০.১২০০ |
| ২৪ অং | ০.০৩০০ |
| ২৫ অং | ০.২৪০০ |
| ২৬ অং | ০.৩৪০০ |
| ২৯ অং | ০.০১০০ |
| ৮৯ অং | ০.০৮০০ |

| দাগ নং (আর.এস.) | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ৯২ অং | ০.০৪০০ |
| ৯৪ অং | ০.১১০০ |
| ৯৫ অং | ০.০৪০০ |
| ৯৬ অং | ০.০৬০০ |
| ৯৯ অং | ০.০৭০০ |
| ১০০ অং | ০.৪২০০ |
| ১০২ অং | ০.০২০০ |
| ১০৪ অং | ০.৪৪০০ |
| ১০৫ অং | ০.০৯০০ |
| ১০৬ অং | ০.০৭০০ |
| ১০৭ অং | ০.১২০০ |
| ১০৮ অং | ০.১৪০০ |
| ১০৯ অং | ০.১৮০০ |
| ১১৭ অং | ০.০৩০০ |
| ১১৮ অং | ০.৩৬০০ |
| ১১৯ অং | ০.৩২০০ |
| ১২০ অং | ০.০২০০ |
| ১৩৫ অং | ০.৯০০০ |
| ১৩৮ অং | ০.০৯০০ |
| ১৭৩ অং | ০.১২০০ |
| ১৭৪ অং | ০.৪২০০ |
| ১৭৬ অং | ০.১৬০০ |
| ১৭৮ অং | ০.০৬০০ |
| ১৭৯ অং | ০.০২০০ |
| ১৮১ অং | ০.০১০০ |
| ১৮২ অং | ০.০১০০ |
| ১৮৩ অং | ০.০১০০ |
| ১৮৪ অং | ০.১৪০০ |
| ১৮৫ অং | ০.৫৬০০ |
| ১৯৭ অং | ০.২৪০০ |
| ১৯৮ অং | ১.৫৪০০ |
| ২৩০ অং | ০.০৬০০ |
| ২৩৩ অং | ০.০৬০০ |
| ১৩৭ অং | ০.০৬০০ |
| ০৪ পূর্ণ | ০.১৯০০ |
| ৯০ পূর্ণ | ০.১২০০ |
| ১০৩ পূর্ণ | ০.১০০০ |
| ১৭৫ পূর্ণ | ০.০৬০০ |
| ১৭৭ পূর্ণ | ০.৮৯০০ |
| ১৮৬ পূর্ণ | ০.১৬০০ |
| ২২৫ পূর্ণ | ০.১৮০০ |
| ২২৯ পূর্ণ | ০.২৫০০ |
| **মোট=** | **১২.৩৭০০ একর।** |

জমির নকশা ভূমি হুকুম দখল শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রাশেদুল হাসান**
যুগ্ম-সচিব।

**এস. এল. এ. মামলা নং-০৪/১৯৬৬-১৯৬৭**

**'ঘ' ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫ (৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ০৬ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬১.১৪-১৫৮**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন)-এর ধারা মোতাবেক ০৫-০৯-১৯৬৭ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে, এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজা : ধর্মপুর, জে. এল. নং-২৮৫/২, উপজেলা-কুমিল্লা সদর, জেলা : কুমিল্লা

| দাগ নং (আর.এস.) | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ২৫৬ পূর্ণ | ০.২৪০০ |
| ২৫৭ পূর্ণ | ০.৪৮০০ |
| ২৫৮ পূর্ণ | ০.১৭০০ |
| ২৫ আংশিক | ০.২৫০০ |
| ২৬ আংশিক | ০.৪৭০০ |
| **মোট জমির পরিমাণ=** | **১.৬১০০ একর।** |

জমির নকশা ভূমি হুকুম দখল শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রাশেদুল হাসান**
যুগ্ম-সচিব।

**এস. এল. এ. মামলা নং-২৪/১৯৬২-১৯৬৩**

**'ঘ' ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫ (৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ০৬ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬১.১৪-১৫৮**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন)-এর ধারা মোতাবেক ১৭-০৮-১৯৬৩ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে, এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজা : বজ্রপুর, জে. এল. নং-২৪০, উপজেলা-কুমিল্লা সদর, জেলা : কুমিল্লা

| দাগ নং (আর. এস.) | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ১২২৪ আংশিক | ০.০১০০ |
| ১৩০৩ আংশিক | ০.০৪০০ |

জমির নকশা ভূমি হুকুম দখল শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রাশেদুল হাসান**
যুগ্ম-সচিব।

---

**এল. এ. মামলা নং-২৫/১৯৬২-১৯৬৩**

**'ঘ' ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫ (৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ০৬ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬১.১৪-১৫৮**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন)-এর ধারা মোতাবেক ২২-০৩-১৯৬৩ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে, এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজা : শাসনগাছা, জে. এল. নং-২৮৪, উপজেলা-কুমিল্লা সদর, জেলা : কুমিল্লা

| দাগ নং (আর. এস.) | জমির পরিমাণ (একর) |
